চুয়াডাঙ্গায় আলমসাধুর ধাক্কায় বৃদ্ধা নিহত

চুয়াডাঙ্গা সদর উপজেলার দশমাইল বাজার এলাকায় আলমসাধুর (ভটভটি) ধাক্কায় গুলজান বিবি (৭০) নামের এক পথচারী বৃদ্ধা নিহত হয়েছেন।

শুক্রবার দুপুরে চুয়াডাঙ্গা সদর হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় তার মৃত্যু হয়। নিহত গুলজান বিবি চুয়াডাঙ্গা সদর উপজেলার আলিয়ারপুর গ্রামের মৃত বছির উদ্দিনের স্ত্রী।

চুয়াডাঙ্গা সদর থানার ওসি আবু জিহাদ জানান, শুক্রবার সকাল ১০টার দিকে গুলজান বিবি মুদিদোকানে কেনাকাটার জন্য বাড়ির কাছের দশমাইল বাজারে যান।

রাস্তা পার হওয়ার সময় দ্রুতগতির একটি আলমসাধু ধাক্কা দিলে তিনি ছিটকে পাকা রাস্তায় পড়ে যান। এতে তিনি রক্তাক্ত জখম হন। স্থানীয়রা তাকে উদ্ধার করে চুয়াডাঙ্গা সদর হাসপাতালে নিয়ে ভর্তি করেন। দুপুর সাড়ে ১২টার দিকে চিকিৎসাধীন অবস্থায় তার মৃত্যু হয়।

নিহতের লাশ সদর হাসপাতাল মর্গে রাখা আছে।

দর্শনায় গাঁজাসহ এক জন আটক

চুয়াডাঙ্গা জেলার দর্শনা থানা পুলিশের মাদকবিরোধী অভিযানে গাঁজাসহ এক জনকে গ্রেফতার করা হয়েছে।

গ্রেফতারকৃত আসামী মুকুল মিয়া (২৪) চুয়াডাঙ্গা জেলার দর্শনা থানার গ্রাম নাস্তিপুরের মৃত জাহাঙ্গীর আলমের ছেলে।

পুলিশ জানায় আজ বিকাল সাড়ে ৪ ঘটিকার সময় গোপন সংবাদের ভিত্তিতে ওসি মাহবুব এবং সঙ্গীয় ফোর্স নিয়ে দর্শনা ছয়ঘড়িয়া প্রাইমারি স্কুলের সামনে হতে ২ কেজি গাঁজাসহ গ্রেপ্তার করা হয় মুকুল মিয়া
(২৪) কে।

গ্রেফতারকৃত আসামীর বিরুদ্ধে মাদক মামলা দায়ের করা হয়েছে।

এদিকে দর্শনা থানার নতুন ওসি মাহবুব রহমানের যোগদান বেশিদিন না হতেই মাদক ব্যবসায়ী ও সেবনকারীদের ঘুম নষ্ট হয়ে গেছে। একে একে ধরা পড়ছে মাদকের চালান।

এ বিষয়ে ওসি মাহবুব রহমান জানান মাদক অভিজান আরো কঠোর করা হবে এবং দর্শনা থানা মাদক মুক্ত করে ছাড়বো।

স্বাস্থ্য সুরক্ষার সরঞ্জাম বিতরণ করেছে সাংবাদিক সমিতি চুয়াডাঙ্গা জেলা ইউনিট

করোনাভাইরাস প্রতিরোধে সামাজিক কার্যক্রমের অংশ হিসেবে স্বাস্থ্য সুরক্ষার সরঞ্জাম বিতরণ করেছে বাংলাদেশ সাংবাদিক সমিতি চুয়াডাঙ্গা জেলা ইউনিট।

আজ বুধবার বেলা সাড়ে ১১টায় চুয়াডাঙ্গা রেল বাজারে ১০০ জন দুস্হ নারী-পুরুষের মাঝে ওই স্বাস্থ্য সুরক্ষার সরঞ্জাম মাস্ক, হ্যান্ড গ্লোব, সাবান বিতরণ করা হয়।

এসময় উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা প্রেসক্লাবের সাধারণ সম্পাদক রাজিব হাসান কচি, সাংবাদিক সমিতি চুয়াডাঙ্গা জেলা ইউনিটের সাধারণ সম্পাদক বিপুল আশরাফ, এটিএন বাংলা প্রতিনিধি রফিক রহমান, দৈনিক সময়ের সমীকরণের নির্বাহী সম্পাদক নাজমুল হক স্বপন, প্রেসক্লাবের সহ-সভাপতি কামাল উদ্দিন জোয়ার্দার, ৭১ টিভির জেলা প্রতিনিধি এম এ মামুন, জিটিভির জেলা প্রতিনিধি রিফাত রহমান, সাংবাদিক সমিতির কার্যনির্বাহি সদস্য জহির রায়হান সোহাগসহ, সনজিত কুমার, পলাশ উদ্দিন, আহসান আলম, মফিজ জোয়াদ্দার, রেলবাজার ব্যবসায়ী সমিতির আহবায়ক সেলটন জোয়ার্দার, সদস্য ফারুক হাসান মালিকসহ অন্যরা।

এ সময় উপস্হিত অসহায় মানুষকে জানানো হয়, মুখ মন্ডলে হাত দেওয়ার আগে ও খাবার আগে ভাল করে সাবান দিয়ে হাত ধুয়ে নিতে হবে। মাস্ক

ব্যবহার করতে হবে। অযথা বাড়ি বের না হওয়ার পরামর্শ দেয়া হয়।

চুয়াডাঙ্গায় করোনা ভাইরাসে আক্রান্ত যুবক এখন করোনামুক্ত

করোনা ভাইরাসে আক্রান্ত চুয়াডাঙ্গার আলমডাঙ্গার ইতালি ফেরত যুবক ভাইরাসমুক্ত হওয়ায় তাকে চুয়াডাঙ্গা সদর হাসপাতাল থেকে ছাড়পত্র দিয়ে ছেড়ে দেওয়া হয়েছে।

মঙ্গলবার বিকেলে ওই যুবককে চুয়াডাঙ্গা সদর হাসপাতাল থেকে বাড়ি চলে যাওয়ার জন্য ছাড়পত্র দেওয়া হয়। তার সাথে একই হাসপাতালে কোয়ারেন্টিনে থাকা ওই যুবকের পিতাকেও কোয়ারেন্টাইন থেকে মুক্তি দেওয়া হয়।

চুয়াডাঙ্গার সিভিল সার্জন ডা. এএসএম মারুফ হাসান জানান, গত ১২ মার্চ ওই যুবক ইতালি থেকে বাংলাদেশে আসেন। পরে অসুস্থ্য হয়ে পড়লে ১৬ মার্চ তাকে চুয়াডাঙ্গা সদর হাসপাতালের করোনা ইউনিটে ভর্তি করা হয়।

পরে গত ১৯ মার্চ পরীক্ষা করে তাকে করোনা ভাইরাস আক্রান্ত বলে শনাক্ত করে আইইডিসিআর। ২৬ বছর বয়সী ওই যুবকের পিতার নমুনাও পরীক্ষা করা হয় কিন্তু তিনি করোনা আক্রান্ত নন বলে জানায় স্বাস্থ্য বিভাগ।

সর্বশেষ গত ২৫ ও ২৯ মার্চ দু’দফা পরীক্ষা করে আইইডিসিআর থেকে জানানো হয় দু’দফা পরীক্ষাতেই ওই যুবকের করোনা ভাইরাসমুক্ত হিসেবে রিপোর্ট এসেছে। এ অবস্থায় ওই যুবককে করোনা মুক্ত বলে ঘোষণা করে আইইডিসিআর কর্তৃপক্ষ।

আজ মঙ্গলবার বিকেল ৫টায় চুয়াডাঙ্গা সিভিল সার্জন কার্যালয়ে এক সংবাদ সম্মেলনে সিভিল সার্জন ডা. এএসএম মারুফ হাসান জানান, দুবারের পরীক্ষায় ওই যুবকের শরীরে করোনা ভাইরাসের আর কোনো উপস্থিতি না থাকায় তাকে ছাড়পত্র দিয়ে বাড়ি যাওয়ার অনুমতি দেওয়া

হয়েছে।

দর্শনায় দরিদ্র দোকানদার ও দিন মুজুরদের মধ্যে খাদ্য সামগ্রী বিতরণ

দামুড়হুদা উপজেলার দর্শনায় লক-ডাউনের কারনে হত দরিদ্র দোকানদার ও দিন মুজুরদের মধ্যে সরকারী ভাবে খাদ্য সামগ্রী বিতরণ করা হয়েছে।

সোমবার বিকালে ৫ টার দিকে দর্শনা পৌর আওয়ামী লীগের কার্যলয় থেকে হত দরিদ্র দোকানদার ও দিন মুজুরদের মধ্যে খাদ্য সামগ্রী বিতরনী করেন দর্শনা পৌর আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ও দামুড়হুদা উপজেলা চেয়ারম্যান আলী মুনছুর বাবু।

খাদ্য সামগ্রীর মধ্যে রয়েছে চাল, ডাল, আলু পেয়াজ, রশুন, ঝাল, হুলুদ, লবন, তৈল ও সাবান ইত্যাদি।

এ সময় উপস্থিত ছিলেন দর্শনা রেল বাজার কমিটির সভাপতি টিপু সুলতান, চুয়াডাঙ্গা-২ আসনের সংসদ সদস্যের পিএস আব্দুস ছালাম ভুট্ট।

চুয়াডাঙ্গায় করোনা আক্রান্ত সন্দেহে এক নারী আইসোলেশনে

করোনা ভাইরাস আক্রান্ত সন্দেহে এক নারীকে চুয়াডাঙ্গা সদর হাসপাতালের আইসোলেশন ইউনিটে রাখা হয়েছে। রবিবার রাতে ওই নারীকে

হাসপাতালে ভর্তি করে পরিবারের লোকজন। জ¦র, সর্দি ও কাশির আলামত থাকায় চিকিৎসকরা তাকে আইসোলেশন ইউনিটে রাখে।

চুয়াডাঙ্গা সদর হাসপাতালের আবাসিক মেডিকেল অফিসার ডা. শামীম কবির জানান, সদর উপজেলার আলোকদিয়া গ্রামের অসুস্থ এক নারীকে হাসপাতালের জরুরী বিভাগে নিয়ে আসে পরিবারের লোকজন। তার জ¦র, সর্দি ও কাশি আছে। শ^◌াসকষ্টও রয়েছে। প্রাথমিক পরীক্ষা-নিরীক্ষার পর ওই নারী করোনা আক্রান্ত সন্দেহে আইসোলেশনে নেয়া হয়।

সিভিল সার্জন ডা. এএসএম মারুফ হাসান জানান, ওই নারীকে আইসোলেশনেই রোগের উপসর্গ অনুযায়ী চিকিৎসা দেয়া হচ্ছে। দ্রুততম সময়ের মধ্যে ওই নারীর রক্ত সংগ্রহ করে আইইডিসিআর’এ পাঠানো হবে। সেখানে পরীক্ষার পরই জানা যাবে তিনি করোনা আক্রান্ত কি-না।

প্রসঙ্গত, গত ১৯ মার্চ চুয়াডাঙ্গায় ইতালী ফেরত এক যুবকের শরীরে করোনা ভাইরাসের উপস্থিতির কথা জানায় স্থানীয় স্বাস্থ্য বিভাগ। বর্তমানে তিনিও হাসপাতালের আইসোলেশনে চিকিৎসাধীন আছেন।

আলমডাঙ্গায় গোডাউনে নষ্ট চাল মজুদ রাখার অপরাধে চালব্যবসায়ীকে জরিমানা

চুয়াডাঙ্গার আলমডাঙ্গায় গুদামে নষ্ট চাল মজুদ রাখার অপরাধে চালব্যবসায়ী অসীম সাহাকে ২০ হাজার টাকা জরিমানা করেছেন ভ্রাম্যমান আদালত। উপজেলা নির্বাহী অফিসার মো. লিটন আলী রবিবার রাতে উপজেলার আসাননগর গ্রামের অন্নপূর্ণা রাইস মিলে অভিযান পরিচালনা করেন।

উপজেলা নির্বাহী অফিসার মো. লিটন আলী জানান, গোপন সংবাদের ভিত্তিতে রোববার রাত সাড়ে ৮টার দিকে অন্নপূর্ণা রাইস মিলে অভিযান পরিচালনা কার হয়। এসময় গোডাউন থেকে ১০ বস্তা নষ্ট চাল জব্দ করা হয়। পরে ভ্রাম্যমাণ আদালত বসিয়ে চালব্যবাসায়ী অসীম

সাহাকে ২০ হাজার টাকা জরিমানা করেন।

মানুষকে ঘরমুখী করতে রাস্তায় নেমেছেন দর্শনা পৌর মেয়র

চুয়াডাঙ্গা জেলার দর্শনার বার বার জয়যুক্ত পৌর মেয়র মতিয়ার রহমান নিজে এবার রাস্তায় নেমেছেন বিশ্ব ব্যাপী মহামারী নোভেল করোনা ভাইরাসে মানুষকে সচেতনতার সাথে সাথে ঘরমুখী করতে। রবিবার সন্ধার পর থেকে রাত পর্যন্ত বিনা প্রয়োজনে ঘুরে বেড়ানো ও বাইরে আড্ডা দেওয়া মানুষকে ঘরমুখী করেছেন।
দর্শনার বিভিন্ন জায়গায় তিনি ঘুরে ঘুরে পরিদর্শন করে সকলে সচেতন করেন এবং তিনি সকলকে বলেন, বর্তমানে মহামারী এই করোনা ভাইরাস থেকে বাঁচতে হলে আপনাদের ঘরে থাকতে হবে, নিজেকে সচেতন হয়ে চলাফেরা করতে হবে, অন্য সকলকে সচেতন করতে হবে তাইলেই এই প্রাণঘাতী করোনা ভাইরাস রোধ করা সম্ভবতর হবে।
তিনি আরও বলেন, আপনারা আমাকে মেয়র বানিয়েছেন, তাই আমার দায়িত্ব আপনাদের ভালো, মন্দ দেখার।
আপনারা ভালো থাকলে আমি ভালো থাকবো, আর যদি মানুষই মরে যায়, তাহলে আমি কিসের মেয়র? তাই আপনারা সরকারের দেওয়া নির্দেশ গুলো মেনে সরকারকে সহযোগিতা করুন এবং এই প্রাণঘাতী ভাইরাস থেকে নিজেকে সুস্থ রাখুন।

দামুড়হুদার কার্পাসডাঙ্গায় দুই ব্যবসায়ীর জরিমানা

দামৃড়হুদার কার্পাসডাঙ্গা বাজারে ভ্রাম্যামাণ আদালত পরিচালনা করে দুই ব্যবসায়ীর কাছ থেকে ১৮ হাজার টাকা জরিমানা আদায় করা হয়েছে।

আজ শনিবার দুপুর ১২ টায় চুুুয়াডাঙ্গা জেলা নির্বাহী ম্যাজিস্ট্রেট সজন আহমেদের নেতৃত্বে কার্পাসডাঙ্গা বাজারে

মোবাইল কোর্ট পরিচালনা করে এই জরিমানা করেন।

অভিযানকালে বিশুদ্ধ খাদ্য আইনের সরকারি অধ্যাদেশ ২০০৯ ধারায় বদরুজ্জামান বদুর মুদি দোকানে ৩ হাজার ও আব্দুল হাই সিদ্দিকীর গাউছিয়া ফাস্ট ফুড এণ্ড মুদি দোকানে ১৫ হাজার টাকা জরিমানা আদায় করেন।

এ সময় অভিযানে ম্যাজিস্ট্রেট কে সহায়তা প্রদান করেন কার্পাসডাঙ্গা পুলিশ ফাঁড়ির এসআই মেজবাহুর রহমান সহ জেলা পুলিশের সদস্যরা।

দর্শনায় করোনা ভাইরাস রোধে জনসচেতনতা বৃদ্ধির লক্ষ্যে প্রেস কনফারেন্স

দর্শনায় করোনা ভাইরাস রোধে জনসচেতনতা বৃদ্ধির লক্ষ্যে প্রেস কনফারেন্স করেছেন দর্শনা পৌরসভার মেয়র মোঃ মতিয়ার রহমান। আজ বেলা সাড়ে ১১ টায় দর্শনা পৌরসভার সভা কক্ষে এই প্রেস কনফারেন্স এর আয়োজন করা হয়।

এ সময় তিনি বলেন, দর্শনা পৌরসভায় করোনা ভাইরাস প্রতিরোধে কিছু সিদ্ধান্ত গ্রহন করেন, প্রত্যেক ওয়ার্ড কাউন্সিলরকে করোনা প্রতিরোধে যে ওয়ার্ড কমিটি গঠন হয়েছে সেই কমিটির মাধ্যমে জনসচেতনতা বৃদ্ধির লক্ষ্যে করোনা ভাইরাস প্রতিরোধে স্থানীয় ভাবে ভূমিকা রাকতে হবে।

পৌরসভার থেকে প্রতিদিন মাইকিং ও লিফলেট বিতরণ করা অব্যাহত থাকবে। বিদেশ প্রত্যাগত নাগরিকদের হোম কোয়ারেন্টাইনের বিষয়টি নিশ্চিত করাসহ তাদেরকে সহজেই খুঁজে পাওয়ার জন্য লাল পতাকা উড্ডায়নের ব্যবস্থা গ্রহণ করা হয়েছে।

তিনি আরও বলেন, পৌর কর্মকর্তা-কর্মচারীদের সার্বক্ষণিক কর্মস্থানে অবস্থান নিশ্চিত করাসহ তাদের সেভ থাকার জন্য সাবান-

পানি দিয়ে হাত ধোয়ার ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। পৌর এলাকার মধ্যে সকল ব্যবসা প্রতিষ্ঠান বিশেষ করে চায়ের দোকান গুলোতে জনসমাগম না হতে পারে সেজন্য দোকান থেকে টিভি, বেঞ্চ, চেয়ার সরিয়ে ফেলা হয়েছে।

সবশেষে তিনি সকলকে সচেতন হতে বলেন, এবং অন্যকে সচেতন করে সরকারি আইন মেনে চলতে বলেন। এ সময় পৌর মেয়রের পক্ষ থেকে সকল সাংবাদিকদেরকে কেরু এন্ড কোম্পানির হ্যান্ড স্যানিটাইজার তুলে দেন।

প্রেস কনফারেন্সে উপস্থিত ছিলেন, দর্শনা থানার ওসি মাহবুবুর রহমান, দর্শনা প্রেসক্লাবের সভাপতি মনিরুজ্জামান ধীরু, সাধারণ সম্পাদক আওয়াল হোসেন, সকল ওয়ার্ড কাউন্সিলরবৃন্দ এবং দর্শনার সকল সাংবাদিকবৃন্দ।